# উপজেলা পরিষদ
## বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৩২তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ০৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.৩০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের নভেম্বর/২০২১ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। তিনি জানান, ইউরিয়া ২০০ মে. টন, টিএসপি ২৬ মে. টন, এমওপি ৩০ মে. টন এবং ডিএপি ১৩০ মে. টন সার মজুদ আছে। চলতি রবি/২১-২২ মৌসুমে এ উপজেলায় ১২৩০০ হেক্টর জমিতে বোরো, ১৫০০ হেক্টর জমিতে ভূট্টা, ৯৯০ হেক্টর জমিতে সরিষা, ৬৫ হেক্টর জতিতে গম, ৮৫০ হেক্টর জমিতে সবজি আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়াও তিনি জানান যে, প্রণোদনা কর্মসূচির আওতায় ১৩০০ জন কৃষককে বোরো উফশী, ৪০০০ জনকে বোরো হাইব্রীড, ১০০০ জনকে সরিষা, ১২০০ জনকে ভূট্টা, ৪৫০ জনকে গম, ১৫০ জনকে বাদাম, ৩৫০ জনকে খেসারী, ১৫০ জনকে মসুর, ৪০ জনকে পেঁয়াজ, ৬০ জনকে মুগ, ৮০ জনকে সূর্যমুখী বীজ প্রদান করা হয়েছে। এছাড়াও এ উপজেলার ৮০% রোপা আমন ধান কর্তন হয়েছে বলেও তিনি সভায় জানান। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদনে সুনির্দিষ্ট পরিকল্পনা মাফিক কার্যক্রম পরিচালনা করতে হবে। তাছাড়া ফসলের লক্ষ্যমাত্রা অর্জনে কৃষকগণকে সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, বাজিতপুর। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, এ উপজেলার কোভিড পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। নতুন ধরণ ওমিক্রন মোকাবেলায় স্বাস্থ্য বিভাগ প্রস্তুত আছে বলেও তিনি জানান। তিনি আরো জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পাশাপাশি কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রে করোনার টীকা কার্যক্রম চলমান আছে। এছাড়া আগামী ১১-১৪ ডিসেম্বর জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। এ কার্যক্রমে তিনি সর্বস্তরের জনগণের অংশগ্রহণ কামনা করেন। | ১। কোভিড পরিস্থিতিতে টীকাদান ও অন্যান্য সকল প্রকার কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।<br>২। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন বাস্তবায়নে ইউপি চেয়ারম্যানবৃন্দের সহযোগিতা প্রদান করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে লাম্পি স্কিন ডিজিজ এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক সরবরাহকৃত ভ্যাকসিন প্রয়োগ করা হচ্ছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের প্রচেষ্টায় রোগটির বিস্তার নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। তাছাড়াও উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল কর্তৃক স্বাভাবিক চিকিৎসা কার্যক্রম, ভ্যাকসিনেশন ক্যাম্পেইন, কৃত্রিম প্রজনন ও প্রাণিসম্পদ সম্প্রসারণমূলক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি বলেন, প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে পরিচালিত প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। এনএটিপি প্রকল্পের খামারী প্রশিক্ষণ কর্মসূচি চলমান আছে। ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম পরিচালনা করা হচ্ছে বলেও তিনি জানান। | ১। লাম্পি স্কিন ডিজিজ এর প্রাদুর্ভাব মোকাবেলায় ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। চিকিৎসা সেবাসহ দাপ্তরিক নিয়মিত কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাজিতপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জাইকার অর্থায়নে ইউজিডিপি প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নপূর্বক ঠিকাদার নিম্নোক্ত দুটি বিল দাখিল করেছেন:<br>১। Central Oxygen Supply System- ১১,৯৮,০০০/৯৬<br>২। Supply of Bench in Various Institution- ২২,৮৩,৯৫০/৮৫<br>তিনি উক্ত বিল দুটি পরিশোধের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করেন। এছাড়াও তিনি জাইকার অর্থায়নে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ০৩টি প্রকল্প সভায় প্রস্তাব করেন:<br>১। বেঞ্চ সরবরাহ- ১০,০০,০০০/-<br>২। ভান্ডা মজলিশপুর সপ্রাবি এর ড্রেন নির্মাণ- ১৮,০০,০০০/-<br>৩। বিভিন্ন পরিবার কল্যাণ কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক মেরামত- ১২,০০,০০০/-<br>উপজেলা পরিষদের রূপালী ও চৈতালী কোয়ার্টার কনডেম ঘোষণার জন্য তিনি নিম্নোক্তভাবে প্রাক্কলন প্রস্তুত করেন:<br>১। রূপালী- ৩,১২,০৯১/-<br>২। চৈতালি- ৩,১৪,৪৩৩/-<br>এছাড়াও তিনি জানান যে, এডিপি'র অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্পের টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। শ্রীঘ্রই লটারী কার্যক্রম সম্পন্ন করা হবে। | ১। জাইকার অর্থায়নে ইউজিডিপি প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নকারী ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল পরিশোধের জন্য জাইকার প্রধান কার্যালয়ে সুপারিশ প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২। জাইকার অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত নতুন প্রস্তাবিত ০৩টি প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।<br>৩। উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা পরিষদের রূপালী ও চৈতালী কোয়ার্টার কনডেম ঘোষণার নিমিত্ত প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর সুপারিশসহ প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৪। এডিপি'র অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত উপজেলা প্রকৌশলী লটারী কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করবেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।<br>৪। ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাজিতপুর। |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, গত ১৪/১১/২০২১ হতে ২৩/১১/২০২১ তারিখ পর্যন্ত এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এ বছর এ উপজেলায় ২৫২৯ জন এসএসসি এবং ১৮৮ জন দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করেছে। পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো জানান যে, গত ০২/১২/২০২১ হতে এইচএসসি এবং ০৬/১২/২০২১ তারিখ হতে এসএসসি (ভোক) পরীক্ষা শুরু হয়েছে। চলতি বছর এ উপজেলায় এইচএসসি পরীক্ষায় ১২৫৯ জন এবং এসএসসি (ভোক) পরীক্ষায় ৩৭৫জন অংশ নিচ্ছে। এছাড়াও গত ২৪/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে ইতোমধ্যে মাধ্যমিক স্তরের বার্ষিক পরীক্ষা ও এসএসসি প্রাক নির্বাচনী পরীক্ষা শেষ হয়েছে। আগামী ১০/১২/২০২১ তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ফলাফল প্রকাশ করবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে বলে তিনি সভায় জানান। | চলতি এইচএসসি ও এসএসসি (ভোক) পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর। |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০২২ শিক্ষাবর্ষের ৬০% বই পাওয়া গিয়েছে। ১ম ও ২য় শ্রেণির পাঠ্য বই এখনও পাওয়া যায়নি। প্রাপ্ত বইগুলো নান্দিনা ভাগলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সংরক্ষিণ আছে। এছাড়াও তিনি জানান যে, ২০২১-২২ অর্থবছরের ১১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল লেভেল ডেভেলপমেন্ট প্লান (স্লিপ) এর পরিকল্পনা ও প্রাক্কলন সংগ্রহ করা হচ্ছে। ২০২১-২২ শিক্ষাবর্ষে শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণের জন্য ৬৪জন শিক্ষককে কিশোরগঞ্জ ও নরসিংদীর রায়পুরা পিটিআই ডেপুটেশন করা হচ্ছে। | ১। ২০২২ শিক্ষাবর্ষের সকল শ্রেণির পাঠ্যপুস্তক প্রাপ্তির বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>২। প্রাথমিক শিক্ষা কার্যক্রম গতিশীল রাখতে নিয়মিত বিদ্যালয় পরিদর্শনসহ তদারকি জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর। |
| ০৭ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>ক) ২০২১-২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষাণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ১ম কিস্তির নগদ অর্থ ১৬,৪৫,৯৪১/৩৬ টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। সমন্বিত প্রকল্প তালিকা জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের প্রস্তুতি চলমান আছে।<br>খ) ২০২১-২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা, কাবিখা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ১ম পর্যায় কাবিটা ৫,৯৪,৪৮৫/০৮ টাকা, চাল ১২.৬৯৫৬ মে.টন, গম ১২.৬৯৫৬ মে.টন বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের প্রকল্প তালিকা সকল ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গেছে। সমন্বিত | টিআর, কাবিটা, কাবিখা, বার্ষিক উন্নয়ন কর্মসূচিসহ প্রাপ্ত সকল সমন্বিত প্রকল্প তালিকা জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর দ্রুততম সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর।<br>৩। ইউপি চেয়ারম্যানবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প তালিকা জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের প্রস্তুতি চলমান আছে।<br>গ) ২০২১-২২ অর্থ বছরের টিআর কর্মসূচির আওতায় মাননীয় সংসদ সদস্য মহোদয় ৩৭,৭০,০০০/- টাকার প্রকল্প প্রেরণ করেছেন। তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের প্রস্তুতি চলমান আছে।<br>ঘ) ২০২১-২২ অর্থ বছরের কাবিটা, কাবিখা কর্মসূচির আওতায় মাননীয় সংসদ সদস্য মহোদয় কাবিটা ৪৪,১৯,৩৪৩/- টাকা, কাবিটা গম ১১১ মে.টন, এবং কাবিখা চাল ৯৮.৯৪৪ মে.টন এর তালিকা প্রেরণ করেছেন। উক্ত তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর প্রেরণের প্রস্তুতি চলমান আছে।<br>ঙ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিংবোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্পের অধীন ১৫০০ মিটার রাস্তার প্রকল্প প্রস্তাব ও তথ্য প্রেরণ কার্যক্রম চলমান আছে। | | |
| ০৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, "পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের" আওতায় তার দপ্তর কর্তৃক এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিদ্যমান সকল সরকারি ও বেসরকারি নলকূপসমূহের পানিতে আর্সেনিক পরীক্ষার নিমিত্ত একটি জরিপ কার্যক্রম পরিচালনা করা হবে। জরিপকাজে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মাঠ পর্যায়ে কর্মরত জনবলকে সহায়তার জন্য "নলকূপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক হিসেবে প্রতিটি ইউনিয়নে দুই সদস্য বিশিষ্ট তিনটি দল অর্থাৎ ০৬ জন করে (ইউনিয়নের স্থায়ী বাসিন্দা এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে) উক্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে হবে। উক্ত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত "নলকূপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক নির্বাচনের লক্ষ্যে উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন | "পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের" আওতায় বিভিন্ন ইউনিয়নে বিদ্যমান সকল সরকারি ও বেসরকারি নলকূপসমূহের পানিতে আর্সেনিক পরীক্ষার নিমিত্ত একটি জরীপ কার্যক্রমের জন্য স্বচ্ছতার সাথে "নলকূপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক" নিয়োগ করতে হবে। | ১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, বাজিতপুর। |
| ০৯ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, বাজিতপুর উপজেলার অডিটযোগ্য সমবায় সমিতি সংখ্যা ১০৭টির মধ্যে বিগত মাস পর্যন্ত ৩৯টি সমবায় সমিতির অডিট সম্পাদন করা হয়েছে। সম্পাদনের হার ৩৬%। ২০২০-২০২১ অর্থবছরের অডিট ফি এবং সিডিএফ আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের ৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে এবং মোট ০৩টি নতুন সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। এছাড়াও চলতি অর্থ বছরে ১২টি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলমান করোনা মহামারী পরিস্থিতিতে অত্র উপজেলায় বিভিন্ন সমবায় সমিতি সমূহের কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হয়েছে। এমতাবস্থায় তাদের ঋণ আদায় কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে সভায় জানান। | দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের নভেম্বর/২১ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণের ১২তম ব্যাচের ক্লাশ শুরু হয়েছে।<br>তিনি জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা প্রেরণ করা হচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নতুন ভাতাভোগীর বরাদ্ধ পাওয়া গেছে। সেই অনুযায়ী প্রাথমিক যাচাই-বাচাই এবং ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন হয়েছে।<br>এছাড়াও তিনি জানান, বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে এ মাসে কোন মামলা পাওয়া যায়নি। স্থানীয় ০২টি মামলার তদন্তের জন্য নোটিশ প্রেরণ করা হয়েছে। | ১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।<br>২। মাতৃত্ব ভাতাসহ অন্যান্য সকল প্রকার ভাতা সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে।<br>৩। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়া নভেম্বর/২১ মাসে কোন বাল্য বিবাহের সন্ধান পাওয়া যায়নি। | ৪। বাল্য বিবাহ প্রতিরোধে সার্বক্ষণিক তৎপর থাকতে হবে। | |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অঃ দাঃ) সভায় জানান যে, আমন ধান সংগ্রহের লটারির কার্যক্রম সম্পন্ন হয়েছে। ধান ক্রয়ের জন্য কৃষকদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। চুক্তিকৃত আমন চাল গুদামে সরবরাহের জন্য মিলারদের অব্যাহতভাবে চাপ দেয়া হচ্ছে। বর্তমান সরারচর ও বাজিতপুর এলএসডিতে পর্যাপ্ত পরিমাণ চাল মজুদ রয়েছে বলে তিনি সভায় জানান। | সরকারি লক্ষ্যমাত্রা অর্জনে আমন ধান ও চাল সংগ্রহ কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর। |
| ১২ | তথ্য আপা প্রকল্প | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে নভেম্বর/২১ মাসে ২০০ জন সেবা গ্রহিতাকে তথ্যকেন্দ্রে সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র হতে ব্লাড প্রেশার, ডায়াবেটিস, উচ্চতাসহ ওজন, পালস ইত্যাদি পরীক্ষা করা হয়। এ ছাড়াও ই-কমার্স উপজেলা সরকারি সেবাসমূহ সহজলভ্যতা, ভিডিও কনফারেন্স, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সেবা প্রদান করা হয়। তাছাড়া ডোর টু ডোর এর মাধ্যমে ৮০০ জনকে সেবা প্রদান করা হয়েছে। ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদের কে ল্যাপটপ ব্যবহারের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান এবং উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে সেবা গ্রহীতার কথোপকথনের মাধ্যমে সমস্যার দ্রুত ও কার্যকারী সমাধানে সহায়তা করা হয়ে থাকে। নভেম্বর/২১ মাসে ২টি উঠান বৈঠক আয়োজন করা হয়েছে। প্রতিটি উঠান বৈঠকে ১০০জন মহিলা অংশগ্রহণ করে থাকে। উঠান বৈঠকে মহিলাদের জীবন ও জীবিকা সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমনঃ স্বাস্থ্যগত সমস্যা, বাল্য বিবাহ, ফতোয়া, নারীর বিরুদ্ধে সহিংসতা, চাকরি সংক্রান্ত তথ্য, আইনগত সমস্যা এবং ডিজিটাল সেবাসমূহের নানাদিক সম্পর্কে আলোচনা করা হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাজিতপুর। |
| ১৩ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর সভায় জানান যে, এ উপজেলায় তার মোট সমিতির সংখ্যা ৩২৪টি। মোট উপকারভোগীর সংখ্যঅ ১৪৩৬৩ জন। মোট জমাকৃত সঞ্চয়ের পরিমাণ ৫৭৩.৩৮ লক্ষ টাকা। মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৩৬৩.৬৩ লক্ষ টাকা। ঋণ আদায় করা হয়েছে ২১১৬.২১ লক্ষ টাকা। আদায়ের হার ৬৪%। মাঠে পাওনা ঋণের পরিমাণ ১৫৪৮.৩৭ লক্ষ টাকা। খেলাপী ঋণের পরিমাণ ৭০০.৯২ লক্ষ টাকা। খেলাপী ঋণের হার ৪৫%।<br>এছাড়াও তিনি জানান যে, কর্মসৃজন ঋণ (৩য় ধাপ) বাবদ ৬৯,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করার জন্য তালিকা পাঠানো হয়েছে, বরাদ্দ প্রদান করা হলে ঋণ বিতরণ কার্যক্রম শুরু হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে বলে সভায় জানান। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকতা, বাজিতপুর সভায় জানান যে, তার দপ্তরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার দাপ্তরিক কাজকর্মে সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকতা, বাজিতপুর। |
| ১৫ | বিবিধ | বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত থেকে ৭০,০০০/- টাকা অগ্রিম উত্তোলনের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করা হয়।<br>এছাড়াও উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত ও সার্ভিসিং বাবদ ২৪,৬০০/- টাকা ব্যয় হয় মর্মে সভায় জানানো হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সভায় প্রস্তাব করা হয়। | ১। বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত থেকে ৭০,০০০/- টাকা অগ্রিম উত্তোলনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত ও সার্ভিসিং বাবদ ব্যয় ২৪,৬০০/- উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। |

পরিশেষে সভাপতি বলেন যে, প্রতিটি দপ্তরকে অত্যন্ত আন্তরিকতার সাথে জনগণকে তাদের প্রাপ্য সেবা প্রদান করতে হবে। তাছাড়াও তিনি সকল দপ্তরকে সমন্বয়ের মাধ্যমে স্বচ্ছতার সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/২১

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

তারিখ ঃ ২৭.১২.২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪-৯৩০

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১২. উপজেলা ................................ কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩. চেয়ারম্যন, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ..............................................................।

২৭.১২.২১

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ